

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) ক্লাস্টার ফ্যাসিলিটেটর পদের দায়িত্ব ও কর্তব্য

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা। দারিদ্র বিমোচন, জীবিকায়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে বাংলাদেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণ সহায়তাকল্পে সংস্থাটি দেশের বিভিন্ন জেলায় বিশ্বব্যাপকের আর্থিক সহায়তায় “Nuton Jibon Livelihood Improvement Project (NJLIP)” বাস্তবায়ন করছে। বর্ণিত প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ক্লাস্টার ফ্যাসিলিটেটর পদে যোগ্য প্রার্থীদের নিয়োগ প্রদান করা হবে। একজন ক্লাস্টার ফ্যাসিলিটেট কে গ্রাম পর্যায়ে দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্প কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করতে হবে।

দায়িত্ব ও কর্তব্য:

- গ্রাম পর্যায়ে অতিদরিদ্র এবং দরিদ্র শ্রেণীর জনগোষ্ঠীর জন্য টেকসই গ্রাম সংগঠন প্রতিষ্ঠা করা;
- কমিউনিটি অপারেশনাল ম্যানুয়াল (কম বুকলেট) অনুযায়ী প্রকল্পভুক্ত গ্রামের অতিদরিদ্র এবং দরিদ্র জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে যাতে তারা প্রকল্প সুবিধা গ্রহণে সমর্থ হয়;
- গ্রাম পর্যায়ের বিভিন্ন সংগঠন ও কমিটি যেমন- নূতন জীবন গ্রুপ(এনজেজি), গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন(ভিসিও), সোশ্যাল অডিট কমিটি(স্যাক) এবং গ্রাম পরিষদ(জিপি) ইত্যাদি কমিটিগুলোর সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে প্রকল্প নিয়ম অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করা বা পদক্ষপ গ্রহণ করা;
- নূতন জীবন গ্রুপ(এনজেজি), গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন(ভিসিও), সোশ্যাল অডিট কমিটি(স্যাক) এবং গ্রাম পরিষদ(জিপি) ইত্যাদি কমিটিগুলোর নিয়মিত সভা অনুষ্ঠানে সহায়তা প্রদান করা এবং উপস্থিত থাকা;
- গ্রাম পর্যায়ের সংগঠন ও কমিটি যেমন- নূতন জীবন গ্রুপ(এনজেজি), গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন(ভিসিও), সোশ্যাল অডিট কমিটি(স্যাক) এবং গ্রাম পরিষদ(জিপি) ইত্যাদিকমিটিগুলোর বিভিন্ন ধরনের ডকুমেন্টস, রেজিস্টার,খাতাপত্র হালনাগাদ রাখতে এবং সংরক্ষণ করতে সহায়তা প্রদান করা;
- গ্রাম পর্যায়ে কমিউনিটি কর্তৃক পরিচালিত সঞ্চয় ও ঋণ কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করা;
- এনজেজি সদস্যদের আয়বর্ধনমূলক কর্মকাণ্ড (আইজিএ) পরিচালনার ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন এবং ঋণ গ্রহণ করে সঠিক আইজিএ পরিচালনায় সহায়তা প্রদান করা;
- বেকার যুবদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ এবং কর্মসংস্থান পেতে সহায়তা করা;
- ঝুঁকিপূর্ণ এবং অসহায়দের জন্য সঠিক আজিএ নির্বাচন করে তা বাস্তবায়নে সহায়তা করা;
- এসডিএফ হতে বিভিন্ন ধরনের তহবিল গ্রহণের ক্ষেত্রে কমিউনিটিকে প্রয়োজনীয় সহায়তা করা;
- নিয়মিতভাবে গ্রাম পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন ভিলেজ ম্যাট্রিস পূরণের মাধ্যমে প্রস্তুত করতে গ্রাম সমিটিকে সহায়তা প্রদান করা;
- বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে সংযোগ স্থাপনে গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন(ভিসিও) ইত্যাদিকে সহায়তা করা;
- ক্লাস্টার পর্যায়ে নূতন জীবন ক্লাস্টার কমিউনিটি সোসাইটি(এসজেসিসিএস) গঠনে সহায়তা প্রদান করা;
- নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা;
- গ্রাম পর্যায়ে প্রকল্পভুক্ত পুষ্টি বিষয়ক কর্মকাণ্ড বাস্তবায়নে সহায়তা প্রদান করা।
- কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন করা।

শিক্ষাগত যোগ্যতা:

- কমপক্ষে সমাজ বিজ্ঞান বা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী।

অভিজ্ঞতা:

- নিম্নলিখিত কাজসমূহে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে:
 - ✓ কমিউনিটি চালিত উন্নয়ন কৌশল (সিডিডি) সম্পর্কে বাস্তব অভিজ্ঞতাসহ গ্রাম পর্যায়ে দরিদ্র, অতিদরিদ্র, সহায় সম্বলহীন এবং বেকার যুবদের উদ্ভুদ্ধকরণ;
 - ✓ অংশগ্রহণমূলক পদ্ধতিতে অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, গ্রুপ গঠন, বিভিন্ন ধরনের সংগঠন ও কমিটি গঠন, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ;
 - ✓ বেকার যুবদের দক্ষতা উন্নয়নসহ কর্মসংস্থান সৃষ্টি এবং মা ও শিশুদেও জন্য পুষ্টি কার্যক্রম বাস্তবায়ন;
 - ✓ কমিউনিটি কর্তৃক পরিচালিত ঋণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন ইত্যাদি।

বয়স:

- সর্বোচ্চ ৪০ বছর।